# শিশুদের পেন্টেকস্ট অ্যাডভেঞ্চার

৩০শে মে - ৮ই জুন ২০২৫

ইহুদি বিশ্বের জন্য শিশুদের প্রার্থনার উপযোগী ১০ দিনের

## প্রার্থনা গাইড












INTERNATIONAL PRAYER CONNECT · 2BC 2 BILLION CHILDREN · 110 Cities · 24:14 · WEA WORLD EVANGELICAL ALLIANCE EST 1846 · PRAYER TOOLS

WWW.110CITIES.COM



CHILDREN'S PENTECOST ADVENTURE

30TH MAY - 8TH JUNE 2025

# পরিচয়

**শিশুদের পেন্টেকস্ট অ্যাডভেঞ্চার-এ স্বাগতম! — ২০২৫-এ ইহুদি বিশ্বের জন্য ১০ দিনের প্রার্থনা!**

আমরা খুব আনন্দিত যে তোমরা এসেছ! এই ১০ দিনের প্রার্থনা গাইডটি বিশেষ ভাবে ডিজাইন করা হয়েছে সেইসব পরিবারের জন্য যাদের ৬-১২ বছর বয়সী শিশু রয়েছে যাতে তারা পেন্টেকস্টের আশ্চর্যজনক গল্পটি সম্পর্কে জানতে পারে, পবিত্র আত্মা সম্পর্কে আরও জানতে পারে, এবং বিশ্বজুড়ে বিশ্বাসীদের সাথে ঐক্যবদ্ধ প্রার্থনায় যোগ দিতে পারে।

শুক্রবার ৩০শে মে থেকে রবিবার ৮ই জুন পর্যন্ত, প্রত্যেকদিন এই গাইডটিতে একটি শক্তিশালী থিমের উপরে ফোকাস করা হয়েছে — যেমন প্রতিশ্রুতি, শক্তি, পরিবার, দেশ, এবং উজ্জ্বল হয়ে ওঠা। শিশুরা বাইবেলের একটা গল্প পড়বে, সেটা নিয়ে ভাববে, একটি সহজ আত্মা-পরিচালিত প্রার্থনা করবে, এবং কিছু মজাদার কাজ উপভোগ করবে যা তারা ঘরে বসেই করতে পারবে। এছাড়াও থাকছে একটি আকর্ষণীয় থিম সং, "ইউ গিভ পাওয়ার," সেইসঙ্গে রোজকার উপযোগী একটি উপাসনার গান (ওরশিপ সং) যার সঙ্গে তারা গাইতে পারবে।

তোমরা এই গাইডটি ব্যবহার করতে পারো সকালে, ঘুমাতে যাওয়ার আগে, কিংবা রান্নাঘরের টেবিল ঘিরে বসে পারিবারিক উপাসনার সময়। প্রতিটি পৃষ্ঠা রঙে, সৃষ্টিশীলতায় আর প্রার্থনার মাধ্যমে একসঙ্গে বেড়ে ওঠার সুযোগে ভরপুর।

এবং এই গাইডের সত্যিই একটা বিশেষ উদ্দেশ্য আছে — আপনার সন্তানের প্রার্থনা একটা বিশাল, বিশ্বব্যাপী প্রার্থনার অংশ! প্রতিদিন, সারা বিশ্বজুড়ে বড়রাও প্রার্থনা করছে — বিশেষ করে ইহুদি জনগণের মধ্যে পুনর্জাগরণের জন্য, যেন তারা যীশুকে তাদের মশীহা হিসেবে জানতে পারে। আপনি সহজ উপায় খুঁজে পাবেন যাতে আপনার সন্তান এই বিশ্বব্যাপী প্রার্থনায় যোগ দিতে পারে, এবং বৃহত্তর গীর্জার সঙ্গে ঐক্যের সাথে তাদের কণ্ঠস্বর তুলে ধরতে পারে।

আমরা বিশ্বাস করি আপনার সন্তান যখন প্রার্থনা করবে তখন ঈশ্বর তার সঙ্গে কথা বলবেন — এবং আপনিও হয়ত তাদের বিশ্বাস দেখে অনুপ্রাণিত হবেন।

তাই তোমার বাইবেল আর কিছু রঙিন পেন্সিল নাও এবং এমনকি একবাটি পপকর্নও নিয়ে নিতে পারো... কারণ এই পেন্টেকস্টে, আমরা একসাথে একটি আত্মা-পূর্ণ অ্যাডভেঞ্চার-এ যেতে চলেছি!



**যেমন অ্যাক্টস্ ১:৮ আমাদের মনে করায়:**
**"তোমরা শক্তি পাবে যখন পবিত্র আত্মা তোমার ওপরে আসবে; এবং তোমরা হবে আমার সাক্ষী..."**

চলো প্রার্থনা করি, খেলি এবং স্তুতি করি — একসাথে এক পরিবার হিসাবে!

আমাদের প্রার্থনা, আমাদের সাথে কাটানো আগামী ১০ দিন তোমাদের জন্য আশীর্বাদ ও উৎসাহে ভরা হোক!

**দ্য আইপিসি / 2বিসি টিম**

INTERNATIONAL PRAYER CONNECT

2 BILLION CHILDREN

# সূচীপত্র


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| কেন আমরা ইহুদি মানুষদের জন্য প্রার্থনা করছি? | | ০৪ |
| জাস্টিনের গল্প | | ০৫ |
| শিশুদের জন্য আমাদের 2BC দৃষ্টিভঙ্গি | | ০৬ |
| B.L.E.S.S. (ব্লেস) কার্ড | | ০৭ |
| ১ম দিন - ৩০শে মে : প্রতিশ্রুতি | (ঈশ্বরের মহান প্রতিশ্রুতি — পবিত্র আত্মা একটি উপহার!) | ০৮ |
| ২য় দিন - ৩১শে মে : অপেক্ষা | (যীশুর বন্ধুদের অপেক্ষা আর প্রার্থনা) | ০৯ |
| ৩য় দিন - ১লা জুন : শক্তি | (বায়ু এবং আগুন! পেন্টেকস্টে কি হয়েছিল!) | ১০ |
| ৪র্থ দিন - ২রা জুন : সাহসিকতা | (শিশুরাও ঈশ্বরের ভালোবাসা শেয়ার করতে পারে) | ১১ |
| ৫ম দিন - ৩রা জুন : শেয়ার করা | (বন্ধুরা যেন যীশুকে চিনতে পারে তার জন্য প্রার্থনা) | ১২ |
| ৬ষ্ঠ দিন - ৪ঠা জুন : পরিবার | (আমাদের পরিবারে ঈশ্বরের শান্তির জন্য প্রার্থনা) | ১৩ |
| ৭ম দিন - ৫ই জুন : দেশ | (সারা বিশ্বের শিশুদের জন্য প্রার্থনা) | ১৪ |
| ৮ম দিন - ৬ই জুন : আরোগ্য | (আরোগ্য এবং অলৌকিক ঘটনার জন্য প্রার্থনা) | ১৫ |
| ৯ম দিন - ৭ই জুন : উজ্জ্বল হওয়া | (আমাদের গীর্জাগুলি উজ্জ্বল হয়ে ওঠার জন্য প্রার্থনা) | ১৬ |
| ১০ম দিন - ৮ই জুন : তাজা আগুন | (পবিত্র আত্মা, এসো! আমাকে নতুন করে পূর্ণ করো) | ১৭ |
| ধন্যবাদ | | ১৮ |

# কেন আমরা ইহুদি মানুষদের জন্য প্রার্থনা করছি?



তোমরা হয়ত ভাবছ, "এই পেন্টেকস্ট অ্যাডভেঞ্চার-এর সময় আমরা প্রতিদিন কেন ইহুদি মানুষদের জন্য প্রার্থনা করছি?" এটা খুব ভালো প্রশ্ন — আর উত্তরটাও বেশ আশ্চর্যজনক!

এসো বাইবেলের সময়ে ফিরে যাই। তুমি কি জানো যীশু একজন ইহুদি ছিলেন? তাঁর শিষ্যরা, মারি এবং জোসেফ, আর প্রফেটরাও ইহুদি ছিলেন — এমনকি পল যে নিউ টেস্টামেন্টের অনেক চিঠি লিখেছে সেও ইহুদি ছিল! তিঁনি কেমন তা বিশ্বের কাছে দেখানোর জন্য ঈশ্বর প্রথমে ইহুদি মানুষদের বেছে নিয়েছিলেন। তিঁনি তাদের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা তিঁনি আজও মনে রেখেছেন।

অনেকদিন আগে, ঈশ্বর প্রফেটদের মাধ্যমে বলেছিলেন যে তিঁনি ইহুদি মানুষদের আশীর্বাদ করবেন, তাদেরকে তাদের মাতৃভূমিতে(ইজরায়েল) ফিরিয়ে আনবেন, এবং তাদের হৃদয় পরিবর্তন করার জন্য পবিত্র আত্মাকে পাঠাবেন। এবং জানো কি হল? এটা পেন্টেকস্টের দিন থেকেই শুরু হয়েছিল! যখন জেরুজালেমের ওপর পবিত্র আত্মা বর্ষিত হয়েছিল, তখন বেশিরভাগই ইহুদি মানুষরা সেই বার্তা শুনেছিলেন এবং যীশুতে বিশ্বাস করেছিলেন। সেইজন্যই পেন্টেকস্ট একটি বিশেষ সময় — এটা যেন গীর্জার জন্মদিনের পার্টি, এবং ইহুদি মানুষেরা একেবারে শুরু থেকেই সেখানে ছিল!

কিন্তু বিশ্বজুড়ে এখনও অনেক ইহুদি মানুষ আছেন যারা জানেনই না যে যীশু হল তাদের মশীহা — যাঁকে ঈশ্বর তাদের রক্ষা করার জন্য পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেইজন্যই আমরা প্রার্থনা করি! আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করি তিঁনি যেন তাদের হৃদয় উন্মুক্ত করেন, তাঁর আত্মা ঢেলে দেন, এবং জেরুজালেম ও ইজরায়েলের মত জায়গায় শান্তি নিয়ে আসেন।

তোমাদের বড়রা হয়তো আরও কিছু বড় বড় কাজের জন্য প্রার্থনা করছে — ইহুদি কমিউনিটির পুনর্জাগরণের জন্য, ইহুদি এবং আরব বিশ্বাসীদের মধ্যে একতা নিয়ে আসার জন্য, এবং পুরো মধ্য প্রাচ্য জুড়ে সুসমাচার ছড়িয়ে পড়ার জন্য। তুমিও যোগদানের জন্য খুব ছোট নও! শিশুদের প্রার্থনা স্বর্গ শোনে।

এটা একটা বড় টিমের অংশ হিসাবে ভাবো: বড়রা প্রার্থনা করছে, পাদ্রীরা প্রার্থনা করছে, বিশ্বজুড়ে গীর্জাগুলো প্রার্থনা করছে — এবং তুমিও এতে যোগ দিতে পারো! প্রতিবার যখন তুমি প্রার্থনা করবে, তখনই ঈশ্বরের প্রিয় মানুষদের জন্য ভালোবাসা আর আশার এক সুন্দর গানের সুরে তোমার কণ্ঠও যোগ হবে।

তাই এই অ্যাডভেঞ্চার করার সময়, মনে রেখো: তোমার প্রার্থনা গুরুত্বপূর্ণ। ঈশ্বর তোমার কথা শুনছে। এবং তুমি একটি সুন্দর গল্প লিখতে সাহায্য করছো — যেখানে ইহুদি মানুষেরা আবিষ্কার করবে যে যীশু তাদের কতটা ভালোবাসেন।

# জাস্টিনের গল্প













জাস্টিন একজন দারুণ প্রতিভাবান তরুণ ইন্দোনেশিয়ান লেখক। সে অটিজম, কথা বলার জটিলতা এবং প্রতিদিনের অসংখ্য চ্যালেঞ্জ কাটিয়ে উঠেছে এবং মাত্র ৮ বছর বয়সে নিজের প্রথম বই প্রকাশ করেছে।

এত অসুবিধা সত্ত্বেও, জাস্টিন লেখার মাধ্যমে বিশ্বজুড়ে অন্যদের অনুপ্রেরণা দিয়েছে এবং উৎসাহিত করেছে, সে তার বাধাগুলোকে নিজের শক্তির উৎসে পরিণত করেছে।

১০ দিনের প্রার্থনা গাইড-এর প্রতিদিনের ভাবনা ও থিমগুলো জাস্টিনই লিখেছে। সে বিশ্বাস করে, এই লেখাগুলো আমাদের প্রত্যেকের জন্য আশীর্বাদ, সান্ত্বনা ও উৎসাহের বার্তা নিয়ে আসবে।

জাস্টিনকে ফলো করো ইনস্টাগ্রামে |
জাস্টিনের বই কেনো | জাস্টিনের পরিচয়

## তোমার স্বপ্ন কখনোই ছেড়ে দিও না!
## আমি ইন্দোনেশিয়ার, জাস্টিন গুনাওয়ান।

আজ আমি স্বপ্ন নিয়ে কথা বলতে চাই। ছোট হোক বা বড়—সব মানুষেরই কিছু না কিছু স্বপ্ন থাকে।

আমারও একটা স্বপ্ন আছে—আমি একদিন একজন বক্তা আর লেখক হতে চাই...কিন্তু জীবন সবসময় মসৃণ পথে চলে না। আর পথটা সব সময় পরিষ্কারও থাকে না।

আমার একটি গুরুতর রোগ আছে তা হল কথা বলতে পারার সমস্যা। আমি আমার ৫ বছর বয়স পর্যন্ত সত্যিই কথা বলিনি। ঘন্টার পর ঘন্টা ধরে থেরাপি নেওয়ার পর এখন আমি অনেকটা সুস্থ, যদিও এখনও মাঝে মাঝে আমার কথা আটকে যায় এবং সমস্যা হয়।

আমার কি কখনও নিজের ওপর করুণা হয়?
আমি কি নিজের জন্য দুঃখ অনুভব করি?
আমি কি কখনও আমার স্বপ্নকে ছেড়ে দিই?

না!! এটা বরং আমাকে কঠোর থেকে কঠোরতর পরিশ্রম করতে শিখিয়েছে।

সত্যি কথা বলতে কি, হ্যাঁ মাঝে মাঝে হয়।

আমি কখনও কখনও আমার পরিস্থিতি নিয়ে ক্লান্ত হয়ে পড়ি, হতাশ হয়ে যাই এবং উৎসাহ হারিয়ে ফেলি।

তো, তখন কি করি? শ্বাসপ্রশ্বাস নিই, বিশ্রাম করি এবং আরাম করি।
কিন্তু কখনোই হাল ছেড়ে দিই না!

জাস্টিন গুণাওয়ান (১৫)

তুমি কিভাবে উৎসাহিত হয়েছ সেটা জাস্টিন-কে জানাও এখানে

## জাস্টিন সম্পর্কে আরও জানো...

জাস্টিনের দুই বছর বয়সে অটিজম ধরা পড়ে। পাঁচ বছর বয়স পর্যন্ত সে কথা বলতে পারত না। প্রতি সপ্তাহে ৪০ ঘণ্টা থেরাপি নিতে হতো তাকে। ১৫টি স্কুল তাকে ভর্তি নিতে চায়নি, অবশেষে একটি স্কুলে সে সুযোগ পায়। সাত বছর বয়সে তার লিখতে পারার দক্ষতা ছিল মাত্র ০.১ শতাংশ। কিন্তু তার মা তাকে কলম ধরা ও লেখা শেখাতে অদম্য পরিশ্রম করেছিলেন এবং তা ফলপ্রসু হয়। আট বছর বয়সেই, এক জাতীয় প্রকাশক জাস্টিনের লেখা বই প্রকাশিত করে।

কথা বলার অসুবিধা এবং অটিজমের সাথে প্রতিদিন লড়াই করা সত্ত্বেও, সে নিজের লেখার মাধ্যমে সারা বিশ্বের মানুষকে অনুপ্রাণিত করছে। তার কষ্ট আজ পরিণত হয়েছে শক্তির উৎসে। তার লেখা দেখা যাবে ইনস্টাগ্রামে @justinyoungwriter -এ গেলেই, যেখানে সে তার নিজের প্রতিদিনের অভিজ্ঞতার কথা শেয়ার করে এবং বিশ্বের নানা প্রান্তের মানুষের সঙ্গে সংযোগ স্থাপন করে।

# শিশুদের জন্য আমাদের 2BC দৃষ্টিভঙ্গি

## আমাদের প্রার্থনা হল এই গাইডের মাধ্যমে যেন আমরা দেখতে পাই...

- শিশুরা তাদের স্বর্গীয় পিতার কণ্ঠস্বর শুনছে
- শিশুরা খ্রীষ্টে তাদের পরিচয় জানছে
- শিশুরা অন্যদের সাথে তাঁর ভালবাসা ভাগ করে নেওয়ার জন্য ঈশ্বরের আত্মা দ্বারা অনুপ্রাণিত হচ্ছে



2 BILLION CHILDREN

**ভিজিট করুন** www.2bc.world



# B.L.E.S.S. কার্ড



## প্রার্থনা হবে ৫

প্রতিদিন ৫ মিনিট সময় নিয়ে প্রার্থনা করো ৫ জনের নাম ধরে যাদের যীশুর প্রয়োজন আছে

১ ____________________

২ ____________________

৩ ____________________

৪ ____________________

৫ ____________________

## কিভাবে প্রার্থনা করবে

১. পিতা, তাদেরকে তোমার ছেলে যীশুর দিকে টেনে নাও। (জন ৬:৪৪)
২. পিতা, তাদের আধ্যাত্মিক অন্ধত্ব দূর করো যাতে তারা সুসমাচার বিশ্বাস করতে পারে। (২ করিন্থিয়ান ৪:৪; অ্যাক্টস্ ১৬:১৪)
৩. পিতা, তাদেরকে অনুতাপ উপহার দাও যাতে তারা পাপ থেকে ফিরে আসতে পারে। (জন ১৬:৮; ২ টিমোথি ২:২৫-২৬)
৪. পিতা, আমাকে সাহস ও সুযোগ দাও যাতে তাদের সাথে সুসমাচার শেয়ার করতে পারি। (কলোসিয়ান ৪:৩-৪; অ্যাক্টস্ ৪:২৯-৩১)
৫. পিতা, অনুগ্রহ করে তাদের এবং তাদের পুরো পরিবারকে রক্ষা করো। (অ্যাক্টস্ ১৬:৩১)

তোমার দৈনন্দিন কাজের মাধ্যমে তাদের সাথে যীশুকে শেয়ার করো

## দ্য B.L.E.S.S. লাইফস্টাইল

**B**egin with prayer | **L**isten to them | **E**at with Them
(**প্রার্থনা** দিয়ে শুরু করো) (তাদের কথা **শোনো**) (তাদের সাথে **খাও**)

**S**erve Them | **S**hare Jesus with Them
(তাদের **সাহায্য** করো) (তাদের সাথে যীশুর কথা **শেয়ার** করো)





## শুক্রবার ৩০শে মে

### আজকের থিম:

# প্রতিশ্রুতি

**যীশু প্রতিশ্রুতি দিয়েছিলেন আমাদের সাহায্য করার জন্য তাঁর আত্মাকে পাঠাবেন ।**



### এই গল্পটা পড়ো!

যীশু পবিত্র আত্মার প্রতিশ্রুতি দিয়েছিলেন - জন ১৪:১৬–১৭; অ্যাক্টস্ ১:৪-৫

### গল্পের ভূমিকা...

যীশু তাঁর শিষ্যদের বললেন, “আমি পিতাকে বলব, এবং তিনি তোমাদেরকে আর একজন শিষ্য দেবেন যে সারাজীবন তোমার সঙ্গে থাকবে — সত্যের আত্মা”। তিনি আরও বলেছেন, “আমার পিতা যে উপহারের প্রতিশ্রুতি দিয়েছিলেন তার জন্য অপেক্ষা করো”। যীশু জানতেন তাঁর শিষ্যরা একা ঈশ্বরের কাজ করতে পারবে না। তিনি পবিত্র আত্মা পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন — একটি বিশেষ উপহার — তাদের সাহায্য করার জন্য!

### চলো এটা ভেবে দেখি:

তোমাকে কি কখনও কেউ সত্যিই একটি বিশেষ উপহার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে? হয়তো বড়দিনে বা তোমার জন্মদিনে? যীশুর বন্ধুদের পবিত্র আত্মা উপহার পাওয়ার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করতে হয়েছিল। কিন্তু যখন আত্মা এসেছিল, সবকিছুই বদলে গেল! পবিত্র আত্মা আমাদের দিলেন ঈশ্বরের শক্তি, ঈশ্বরের ভালোবাসা, এবং ঈশ্বরের সাহায্য — যাতে আমরা প্রতিদিন যীশুকে অনুসরণ করতে পারি।

### চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, পবিত্র আত্মাকে পাঠানোর জন্য ধন্যবাদ! ধন্যবাদ যে আমাকে একা একা যীশুকে অনুসরণ করতে হয় না। পবিত্র আত্মাকে ভালোভাবে বুঝতে এবং তুমি আমাকে যা দিতে চাও তার জন্য আমাকে প্রস্তুত হতে সাহায্য করো প্লিজ। আজ আমাকে তোমার ভালোবাসায় পরিপূর্ণ করো। যীশুর নামে, আমেন।

### কী করতে পারো:

একটি গিফট বক্সের ছবি। ভিতরে, এই শব্দগুলি লেখো বা আঁক: ভালোবাসা, শক্তি, সাহায্য — পবিত্র আত্মা যে উপহারগুলি তোমার জন্য এনেছে!

### স্মরণীয় বাক্য:

“যখন পবিত্র আত্মা তোমার উপরে আসবে তখন তুমি শক্তি পাবে।” — অ্যাক্টস্ ১:৮এ

### জাস্টিন মনে করে

মনে কর তুমি যীশুর একজন বন্ধু এবং তিনি তোমাকে বলছেন, “আমি তোমার কাছে একজন সাহায্যকারী পাঠাব যে সারাজীবন তোমার সঙ্গে থাকবে!” সেই হলো পবিত্র আত্মা। আর জানো কি? এই প্রতিশ্রুতি আমাদের জন্যও! পবিত্র আত্মা ঠিক আমাদের বেস্ট ফ্রেন্ডের মতন যে কখনই আমাদের ছেড়ে যায় না এবং সবসময় যীশুকে অনুসরণ করতে সাহায্য করে।

### বড়রা:

আজকে, বড়রা ইহুদি মানুষদের পরিত্রাণের জন্য প্রার্থনা করছে — যে তারা যেন যীশুকে তাদের মশীহ হিসাবে জানতে পারে। এমনকি শিশুরাও এই বিশেষ প্রার্থনায় অংশগ্রহণ করতে পারে।

### এসো প্রার্থনা করি

যীশু, ইহুদিদের হৃদয় উন্মুক্ত করো যাতে তারা তোমাকে তাদের প্রকৃত মশীহ হিসাবে জানতে পারে।

পবিত্র আত্মা, ইহুদি পরিবারগুলিকে ঈশ্বরের ভালোবাসা এবং পরিত্রাণের অনুগ্রহ খুঁজে পেতে সাহায্য করো।







নাওমি @ সিটি হার্ভেস্ট চার্চ






## শনিবার ৩১শে মে

### আজকের থিম:

# অপেক্ষা

যীশুর বন্ধুদের অপেক্ষা আর প্রার্থনা



### এই গল্পটা পড়ো!

শিষ্যরা উপরের ঘরে অপেক্ষা করেছিলো - অ্যাক্টস্ ১:১২-১৪

### গল্পের ভূমিকা...

যীশু স্বর্গে ফিরে যাওয়ার পর, তাঁর বন্ধুরা জেরুজালেমে একটি উপরের ঘরে গিয়েছিলো। বাইবেল বলে, "তারা সকলেই একসঙ্গে নিরন্তর প্রার্থনায় যোগ দিয়েছিল"। তারা জানত না যে ঠিক কখন পবিত্র আত্মা আসবেন — কিন্তু তারা ঈশ্বরে বিশ্বাস রেখেছিল এবং একসাথে অপেক্ষা করেছিল।

### চলো এটা ভেবে দেখি:

কখনও কখনও অপেক্ষা করা কঠিন মনে হয়! কিন্তু অপেক্ষা করার সময়ই হল প্রার্থনা করা এবং ঈশ্বরে বিশ্বাস রাখার সময়। যীশুর বন্ধুরা উপরের ঘরে একসাথে প্রার্থনা করেছিল — তারা তাড়াহুড়ো করেনি বা অন্যকিছুতে ব্যস্ত হয়ে যায়নি। তুমি কি এমন কোন সময়ের কথা মনে করতে পারছ যখন তুমি অপেক্ষা করেছিলে এবং ঈশ্বরের ওপর ভরসা রেখেছিলে?

### চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, আমাকে স্থির-শান্ত হতে সাহায্য করো যখন আমি তোমার উত্তরের জন্য অপেক্ষা করব। আমাকে এটা মনে রাখতে সাহায্য করো যে তুমি সবসময় কাজ করছ, এমনকি যখন আমি তা দেখতে পাচ্ছি না তখনও। আমাকে আমার পরিবার এবং বন্ধুদের সাথে প্রার্থনা করতে শেখাও, ঠিক যেমন শিষ্যরা করেছিলো। যীশুর নামে, আমেন।

### কী করতে পারো:

আজ একটি নিরিবিলি জায়গা খুঁজে নাও (তোমার ঘর বা বাগান হতে পারে) এবং এক মিনিট স্থির হয়ে বসে থাকো। ঈশ্বরকে বলো তুমি অপেক্ষা করছো আর শুনছো।

### স্মরণীয় বাক্য:

"আমার পিতার প্রতিশ্রুত উপহারটির জন্য অপেক্ষা করো।" — অ্যাক্টস্ ১:৪বি

### জাস্টিন মনে করে

অপেক্ষা করা কঠিন, তাই না? যেমন দোলনায় চড়ার জন্য তোমার পালা আসার অপেক্ষা বা তোমার প্রিয় টিভি শো শুরু হওয়ার জন্য অপেক্ষা। কিন্তু শিষ্যরা একসাথে অপেক্ষা করেছিলো, প্রার্থনা করেছিলো এবং ঈশ্বরে বিশ্বাস রেখেছিলো। এবং যখন পবিত্র আত্মা এসেছিলো, এই অপেক্ষা সার্থক হয়েছিলো! কখনও কখনও, ঈশ্বর চান আমরা অপেক্ষা করি এবং প্রার্থনা করি, কারণ তিঁনি অসাধারণ কিছু প্ল্যান করে রেখেছেন।

### বড়রা:

আজ, বড়রা প্রার্থনা করবে যাতে ইহুদি এবং আরব মানুষরা ঐক্যবদ্ধ হতে পারে — যীশুর একটি পরিবার হিসাবে, যা শান্তি এবং আশা নিয়ে আসবে।

### এসো প্রার্থনা করি

যীশু, আজ ইহুদি এবং আরব বিশ্বাসীদের তোমার ভালোবাসায় ঐক্যবদ্ধ করো।

পবিত্র আত্মা, তাদেরকে এক পরিবারে পরিণত করো যা তোমার রাজ্যে উজ্জ্বলভাবে জ্বলতে থাকবে।







© ইয়ান্সিনটন্যান্সি



রবিবার ১লা জুন

৩য় দিন

আজকের থিম:

# শক্তি

বায়ু এবং আগুন! পেন্টেকস্টে কি হয়েছিল!



## এই গল্পটা পড়ো!

পবিত্র আত্মার আগমন - অ্যাক্টস্ ২:১–৪

## গল্পের ভূমিকা...

পেন্টেকস্টের দিনে, যীশুর বন্ধুরা একসাথে ছিলো যখন হঠাৎই তারা তীব্র বাতাসের মত শব্দ শুনতে পেল! তাদের মাথার উপরে আগুনের মতন শিখা দেখতে পেল, এবং তারা পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়ে গেল। তারা অন্য ভাষায় কথা বলতে শুরু করল — আনন্দের সঙ্গে ঈশ্বরের স্তুতি করতে লাগল!

## চলো এটা ভেবে দেখি:

তুমি কি কল্পনা করতে পারো যে তুমি সেই ঘরে আছ, বাতাসের শব্দ শুনছ আর আগুন দেখতে পাচ্ছ? ওয়াও! পবিত্র আত্মা চুপচাপ আসেনি — সে শক্তি নিয়ে এসেছিল! ঈশ্বর চেয়েছিলেন যে পৃথিবী জানুক নতুন কিছু ঘটছে। যে আত্মা তাদের পূর্ণ করেছিল সেই একই আত্মা আজ আমাদেরও পূর্ণ করতে পারে।

## চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, পবিত্র আত্মার অসাধারণ শক্তির জন্য ধন্যবাদ। তোমার লোকেদেরকে সাহসিকতা, ভালোবাসা এবং আনন্দ দিয়ে পূর্ণ করার জন্য ধন্যবাদ। প্লিজ আজ আমাকে তোমার আত্মা দিয়ে পূর্ণ করো যাতে আমি তোমার জন্য বাঁচতে পারি। যীশুর নামে, আমেন।

## কী করতে পারো:

কাগজ দিয়ে একটা ঘূর্ণি বানাও বা একটা আগুনের শিখার ছবি আঁকো। যখন তুমি এটা ঘুরতে দেখবে বা তোমার আঁকা ছবির দিকে তাকাবে, ঈশ্বরকে তাঁর আত্মার জন্য ধন্যবাদ দাও!

## স্মরণীয় বাক্য:

“তারা প্রত্যেকেই পবিত্র আত্মা দিয়ে পরিপূর্ণ হবে।” — অ্যাক্টস্ ২:৪এ

## জাস্টিন মনে করে

ভাবতে পারো? একটা জোর বাতাস, আগুনের শিখা আর হঠাৎ, সবাই বিভিন্ন ভাষায় কথা বলছে! এইভাবেই পবিত্র আত্মা পেন্টেকস্টে দেখা দিয়েছিলেন। এটা যেন একটা বড় রোমাঞ্চকর পার্টি যেখানে ঈশ্বর বলেছিলেন, “আমি এখানে, এবং আমি তোমাদেরকে শক্তি দিচ্ছি যীশু সম্পর্কে সবাইকে বলার জন্য!” এবং সেই একই শক্তি আজ আমাদের জন্যও আছে!

## বড়রা:


আজ, বড়রা প্রার্থনা করবে যাতে ইহুদি বিশ্বাসীরা সাহসী হয় এবং আত্মায় পূর্ণ হয় — ঠিক পেন্টেকস্টের পিটার-এর মতন!

## এসো প্রার্থনা করি

পবিত্র আত্মা, ইহুদি বিশ্বাসীদের সাহস এবং শক্তি দিয়ে পূর্ণ করো যাতে তারা যীশুকে শেয়ার করতে পারে।

যীশু, আজ মেসিয়ানিক পরিবারগুলির ওপরে তোমার ভালোবাসা এবং আনন্দ ঢেলে দাও।




ট্রুওয়ে কিডস্



৪র্থ দিন

## সোমবার ২রা জুন

আজকের থিম:

# সাহসিকতা

সাহসিকতায় পূর্ণ হয়ে ওঠো — শিশুরাও ঈশ্বরের ভালোবাসা শেয়ার করতে পারে



### এই গল্পটা পড়ো!

পিটার সাহসিকতার সাথে জনতাকে বললো - অ্যাক্টস্ ২:১৪–৪১

### গল্পের ভূমিকা...

পবিত্র আত্মা আসার পর, পিটার উঠে দাঁড়ায় এবং এক বিশাল জনতার উদ্দেশ্যে কথা বলে। এটা সেই পিটার যে আগে ভীত ছিল! এখন, আত্মায় পরিপূর্ণ হয়ে, সে সাহসিকতার সঙ্গে যীশুর কথা বলেছে — এবং সেই দিনে, প্রায় ৩,০০০ মানুষ বিশ্বাস করেছিল এবং খ্রীষ্ট ধর্মে দীক্ষা নিয়েছিল।

### চলো এটা ভেবে দেখি:

পবিত্র আত্মা পিটারকে শুধুমাত্র সুন্দর অনুভূতিই দেয়নি — বরং তিনি পিটারকে সাহস দিয়েছিলেন যীশুর সম্পর্কে বলার জন্য! আর জানো কি? পবিত্র আত্মা শিশুদেরকেও সাহস দেন। বন্ধু এবং পরিবারের সাথে ঈশ্বরের ভালোবাসা শেয়ার করার জন্য তোমার বড় হওয়ার প্রয়োজন নেই।

### চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, ধন্যবাদ তোমাকে, তোমার আত্মা আমাকে শক্তি দিয়েছে। আমাকে সাহায্য করো যেন আমি লোকেদেরকে যীশুর কথা বলতে ভয় না পাই। প্লিজ আমাকে দেখাও এই সপ্তাহে আমি কার সঙ্গে তোমার ভালোবাসা শেয়ার করতে পারি। যীশুর নামে, আমেন।

### কী করতে পারো:

একজন বন্ধু বা পরিবারের সদস্যের কথা ভাবো যার যীশুর সম্পর্কে শোনা প্রয়োজন। একটা কার্ডে তাদের নাম লেখো এবং আজ তাদের জন্য প্রার্থনা করো।

### স্মরণীয় বাক্য:

“প্রত্যেকে যারা প্রভুর নাম করবে তারা পরিত্রাণ পাবে।” — অ্যাক্টস্ ২:২১

### জাস্টিন মনে করে

পিটার আগে ভীত ছিল, কিন্তু পবিত্র আত্মা আসার পরে, সে প্রবল সাহসী হয়ে যায়! সে উঠে দাঁড়ায় এবং হাজার হাজার মানুষকে যীশুর সম্পর্কে জানায়। আর সেই কারণে, বহু মানুষ বিশ্বাস করে। পবিত্র আত্মা আমাদেরকেও সাহসী করতে পারে, এমনকি যখন আমরা নার্ভাস থাকি তখনও। এই সপ্তাহে তুমি কোন বন্ধুকে যীশুর সম্পর্কে বলতে পারো!

### বড়রা:

আজ, বড়রা আলিয়া-র জন্য প্রার্থনা করবে — ইহুদি মানুষদের ইজরায়েলে ফিরে আসা, যেমনটি ঈশ্বর তাঁর নিজের কথায় প্রতিশ্রুতি দিয়েছিলেন।

### এসো প্রার্থনা করি

ঈশ্বর, তোমার প্রতিশ্রুতি মত ইহুদি পরিবারগুলিকে ইজরায়েলের মাতৃভূমিতে ফিরিয়ে নিয়ে এসো।

প্রভু, ফিরে আসা ইহুদি মানুষদের রক্ষা করো এবং সেখানে তোমাকে খুঁজে পেতে সাহায্য করো।







কিংডম কিডস্



৫ম দিন

## মঙ্গলবার ৩রা জুন

আজকের থিম:

# শেয়ার করা

বন্ধুরা যেন যীশুকে চিনতে পারে তার জন্য প্রার্থনা



### এই গল্পটা পড়ো!

ফিলিপ এবং ইথিওপিয়ার লোকটি - অ্যাক্টস্ ৮:২৬–৪০

### গল্পের ভূমিকা...

ফিলিপ একটা রাস্তা দিয়ে একা হেঁটে যাচ্ছিল যখন সে ইথিওপিয়ার একজন গুরুত্বপূর্ণ মানুষের দেখা পায়। মানুষটি বাইবেল পড়ছিল কিন্তু কিছুই বুঝতে পারছিল না। ফিলিপ তার কাছে ঈশ্বরের ভালোবাসার কথা ব্যাখ্যা করে, এবং সেই মানুষটি যীশুতে বিশ্বাস করে এবং সঙ্গে সঙ্গে খ্রীষ্ট ধর্মে দীক্ষা গ্রহণ করে!

### চলো এটা ভেবে দেখি:

কখনও কখনো আমাদের বন্ধুদের ঈশ্বর সম্পর্কে জিজ্ঞাসা থাকে, ঠিক যেমন ইথিপিওয়ার মানুষটির ছিল। ঈশ্বর তোমাকে ব্যবহার করতে পারেন — হ্যাঁ, তোমাকে! — যীশু কে তা বুঝতে তাদেরকে সাহায্য করার জন্য। তুমি তাদের জন্য প্রার্থনা করতে পারো, ঈশ্বরের ভালোবাসা শেয়ার করতে পারো, এবং বাকিটা করার জন্য পবিত্র আত্মার উপরে বিশ্বাস রাখো।

### চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, আমার বন্ধুদের যত্ন নেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ। তুমি তাদের কতটা ভালোবাসো তা জানতে সাহায্য করো ওদের। আমার কথা ও কাজের মাধ্যমে যীশু কে তা জানানোর জন্য আমাকে ব্যবহার করো। যীশুর নামে, আমেন।

### কী করতে পারো:

একটা ছোট প্রেয়ার লিস্ট বানাও তিনজন বন্ধুর নাম দিয়ে যাদের যীশুকে জানা প্রয়োজন। এটা এমন জায়গায় রাখো যাতে তুমি রোজ দেখতে পাও।

### স্মরণীয় বাক্য:

"যাও এবং সবার কাছে গিয়ে সুসংবাদটা বলো।" — মার্ক ১৬:১৫

### জাস্টিন মনে করে

ফিলিপ একজন মানুষের দেখা পেলেন যে বাইবেল পড়ছিল কিন্তু কিছু বুঝতে পারছিল না। তাই ফিলিপ যীশুর সম্পর্কে ব্যাখ্যা করেন, এবং সেই মানুষটি বিশ্বাসী হয়ে যায়! কখনও কখনও, আমাদের বন্ধুদের ঈশ্বরের সম্পর্কে প্রশ্ন থাকতে পারে, এবং আমরা তাদের সাহায্য করতে পারি, ঠিক যেমন ফিলিপ করেছিলেন। আমাদের বন্ধুরা যাতে যীশুকে জানতে পারে এসো তার জন্য প্রার্থনা করি।

### বড়রা:

আজ, বড়রা সেইসব ইহুদি মানুষদের জন্য প্রার্থনা করছে যারা অত্যাচার বা ঘৃণার শিকার হচ্ছে — ঈশ্বর যেন তাদের রক্ষা করেন এবং শক্তি দেন।

### এসো প্রার্থনা করি

প্রভু, ইহুদি মানুষদেরকে আঘাত থেকে রক্ষা করো এবং তাদেরকে নিরাপত্তা দিয়ে ঘিরে রাখো।

যীশু, যে ইহুদি পরিবারগুলি আজ ভয় পাচ্ছে বা একা বোধ করছে তাদের সান্ত্বনা দাও।







ট্রুওয়ে কিডস্



৬ষ্ঠ দিন

## বুধবার ৪ঠা জুন

আজকের থিম:

# পরিবার

**পরিবারগুলি ঈশ্বরের শান্তি দ্বারা পূর্ণ হওয়ার জন্য প্রার্থনা**



### এই গল্পটা পড়ো!

কর্নেলিয়াস পরিবার সুসমাচার শোনে - অ্যাক্টস্ ১০:১–৪৮

### গল্পের ভূমিকা...

কর্নেলিয়াস ছিল একজন রোমান সৈন্য যে ঈশ্বরকে ভালোবাসত। একদিন, স্বর্গদূত তাকে পিটারকে ডেকে পাঠাতে বললেন। পিটার এলো এবং কর্নেলিয়াসের পুরো পরিবারকে যীশুর সম্পর্কে বলল — এবং তারা সবাই বিশ্বাস করেছিল! ঈশ্বরের পবিত্র আত্মা তাদের পরিপূর্ণ করেছিল, এবং তারা আনন্দে ও শান্তিতে ভরে উঠেছিল।

### চলো এটা ভেবে দেখি:

ঈশ্বর কোন একজনের কথা ভাবেন না — তিঁনি পুরো পরিবারের কথা চিন্তা করেন! তিঁনি চান মা, বাবা, ভাই, বোন, দাদু-দিদা এবং শিশুরা সবাই যেন তাঁর ভালোবাসা আর শান্তির কথা জানতে পারে। তুমি তোমার পরিবারের জন্য এবং তোমার আশেপাশের পরিবারের জন্য প্রার্থনা করতে পারো যাতে তারা ঈশ্বরের আত্মায় পূর্ণ হয়।

### চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, আমার পরিবারকে ভালোবাসার জন্য তোমাকে ধন্যবাদ। আমাদের ঘরকে তোমার ভালোবাসা এবং আনন্দ দিয়ে পরিপূর্ণ করো। আমার পরিবারকে তোমার এবং একে অপরের আরও কাছাকাছি আসতে সাহায্য করো। যীশুর নামে, আমেন।

### কী করতে পারো:

তোমার পরিবারের (বা যে পরিবারকে তুমি জানো) একটা ছবি আঁকো। আঁকার সময়, প্রত্যেক মানুষের জন্য ঈশ্বরের আশীর্বাদ এবং শান্তি প্রার্থনা করো।

### স্মরণীয় বাক্য:

"প্রভু যীশু-তে বিশ্বাস করো, এবং তুমি পরিত্রাণ পাবে — তুমি এবং তোমার পরিবার।" — অ্যাক্টস্ ১৬:৩১

### জাস্টিন মনে করে

ঈশ্বর পরিবারগুলিকে ভালোবাসে! যখন পিটার কর্নেলিয়াস পরিবারকে যীশুর সম্পর্কে বলেছিলেন, তারা সবাই বিশ্বাস করেছিল এবং পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়েছিল। তুমিও তোমার পরিবারের জন্য প্রার্থনা করতে পারো, যে সবাই যেন জানতে পারে যীশু তাদের কতটা ভালোবাসেন। তুমি তাদের সঙ্গে বাইবেলের একটা গল্পও শেয়ার করতে পারো!

### বড়রা:


আজ, বড়রা ইজরায়েল এবং জেরুজালেমে ঈশ্বরের শান্তির জন্য প্রার্থনা করবে — এই জায়গায় একতা এবং নিরাময় নিয়ে আসার জন্য প্রভুর কাছে প্রার্থনা করবে।

### এসো প্রার্থনা করি

প্রভু, জেরুজালেমে শান্তি নিয়ে এসো এবং পরিবারগুলিকে একসাথে নিরাপদে বাঁচতে সাহায্য করো।

যীশু, ইজরায়েলের উপর তোমার ভালোবাসা ঢেলে দাও এবং ভাঙা সম্পর্ক গুলো জোড়া লাগাও।




অস্টিন স্টোন ওরশিপ



৭ম দিন

## বৃহস্পতিবার ৫ই জুন

আজকের থিম:

# দেশ

সারা বিশ্বের শিশুদের জন্য প্রার্থনা




### এই গল্পটা পড়ো!

পেন্টেকস্ট-এ সমস্ত দেশের মানুষ - অ্যাক্টস্ ২:৫–১২; রেভেলেশন ৭:৯

### গল্পের ভূমিকা...

পেন্টেকস্ট-এ, বিভিন্ন দেশের মানুষ জেরুজালেমে ছিল। শিষ্যরা প্রত্যেক দেশের মানুষের সঙ্গে সেই দেশের ভাষায় কথা বলছে দেখে তারা অবাক হয়ে গিয়েছিল! ঈশ্বরের পরিকল্পনা সবসময় সমস্ত দেশের জন্য এবং সমস্ত জাতির জন্য ছিল যাতে সবাই যীশুর শুভ সংবাদ জানতে পারে।

### চলো এটা ভেবে দেখি:

তুমি কি জানো সারা পৃথিবী জুড়ে লক্ষ লক্ষ শিশু আছে, ঠিক তোমার মত? কেউ বড় শহরে থাকে, কেউ গ্রামে থাকে, কেউ শহরের আশেপাশে থাকে। ঈশ্বর জানেন এবং তাদের সবাইকে ভালোবাসেন! যখন আমরা প্রার্থনা করি, আমরা ঈশ্বরের বড় পরিবারে যোগদান করি এবং সর্বত্র শিশুদের জন্য আশীর্বাদ কামনা করি।

### চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, সারা পৃথিবীর সমস্ত শিশুদের জন্য ধন্যবাদ। যীশু তাদের ভালোবাসে এটা জানতে তাদের সাহায্য করো প্লিজ। আমাকে দেখাও আমি কিভাবে অন্য জায়গার শিশুদের জন্য প্রার্থনা ও সাহায্য করতে পারি। যীশুর নামে, আমেন।

### কী করতে পারো:

একটা গ্লোব বা পৃথিবীর ম্যাপ খুঁজে নাও। একটা দেশ পছন্দ করো এবং সেখানে যে শিশুরা থাকে তারা যাতে ঈশ্বরের ভালোবাসা জানতে পারে তার জন্য প্রার্থনা করো।

### স্মরণীয় বাক্য:

"প্রভু, সব দেশ তোমার সামনে এসে প্রার্থনা করবে।" — সাম ৮৬:৯

### জাস্টিন মনে করে

পেন্টেকস্ট-এ, সারা পৃথিবীর মানুষেরা বিভিন্ন ভাষায় যীশুর সম্পর্কে শুনেছিলেন। ঈশ্বর চেয়েছিলেন সবাই, সব জায়গায় যেন তাঁকে জানতে পারে। তুমি অন্যান্য দেশের শিশুদের জন্য প্রার্থনা করতে পারো, যে তারাও যেন যীশুকে জানতে পারে। হয়ত কোন একদিন, তুমি এমনকি অন্য দেশের কাউকে তাঁর সম্পর্কে বলবে!

### বড়রা:

আজ, বড়রা প্রার্থনা করছে যাতে ইহুদি বিশ্বাসীরা বিশ্বজুড়ে সুসমাচার ছড়িয়ে দিতে পারে — যে তাদের সাক্ষ্য যেন সমস্ত জাতি এবং দেশের কাছে পৌঁছতে পারে।

### এসো প্রার্থনা করি

পবিত্র আত্মা, সব জায়গার মানুষদের সঙ্গে যীশুকে শেয়ার করার জন্য ইহুদি বিশ্বাসীদের সাহায্য করো।

প্রভু, পুরো বিশ্ব যেন তোমার ভালোবাসা এবং পরিত্রাণের কথা শুনতে পায়।







কিংডমসিটি কিডস্



৮ম দিন

## শুক্রবার ৬ই জুন

আজকের থিম:

# আরোগ্য

আরোগ্য এবং অলৌকিক ঘটনার জন্য প্রার্থনা।



### এই গল্পটা পড়ো!

পিটার একজন খোঁড়া মানুষকে সুস্থ করে তোলেন - অ্যাক্টস্ ৩:১–১০

### গল্পের ভূমিকা...

একদিন, পিটার আর জন একজন মানুষের দেখা পেলেন যে হাঁটতে পারত না। মানুষটি টাকা চাইলেন, কিন্তু পিটার বললেন, “যীশু খ্রীষ্টের নামে তোমাকে বলছি, হাঁটো!” সঙ্গে সঙ্গে, মানুষটির পা শক্তিশালী হয়ে গেল — সে লাফিয়ে উঠল, এবং আনন্দের সাথে ঈশ্বরের স্তুতি করতে লাগল!

### চলো এটা ভেবে দেখি:

ঈশ্বর আজকের দিনেও আশ্চর্যজনক কাজ করেন! তিঁনি শরীর সুস্থ করেন, মানুষকে সাহায্য করেন, শক্তিশালী উপায়ে প্রার্থনার সাড়া দেন। যখন আমরা প্রার্থনা করি, আমরা ঈশ্বরের কাছে তাঁর আরোগ্য এবং সাহায্যের জন্য প্রার্থনা করতে পারি — আমাদের জন্য, আমাদের পরিবারের জন্য, বা অন্য যারা অসুস্থ বা আহত তাদের জন্য।

### চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, তুমি শক্তিশালী এবং দয়ালু সেইজন্য তোমাকে ধন্যবাদ। আজ যারা অসুস্থ বা আহত প্লিজ তাদের জন্য আরোগ্য নিয়ে এসো। তুমি যে আশ্চর্যজনক অলৌকিক করতে পারো তা বিশ্বাস করতে আমাকে সাহায্য করো। যীশুর নামে, আমেন।

### কী করতে পারো:

এমন কারো সম্পর্কে ভাবো যে অসুস্থ বা দুঃখী। একটা ছোট্ট হৃদয় আঁকো বা একটা কার্ডে তাদের নাম লেখো, এবং আজ তাদের জন্য প্রার্থনা করো।

### স্মরণীয় বাক্য:

“ঈশ্বরের সাথে, সবকিছুই সম্ভব।” — ম্যাথিউ ১৯:২৬

### জাস্টিন মনে করে

যে মানুষটি হাঁটতে পারত না সে যীশুর শক্তিতে আরোগ্য পেয়েছিল, এবং সে লাফিয়ে উঠেছিল আর ঈশ্বরের স্তুতি করেছিল! ঈশ্বর আশ্চর্যজনক কাজ করতে পারেন, লোককে সুস্থ করা বা কঠিন সময়ে তাদেরকে সাহায্য করা। এসো আজ এমন কারোর জন্য প্রার্থনা করি যার ঈশ্বরের সাহায্য প্রয়োজন।

### বড়রা:

আজ, বড়রা আরোগ্য, পরিত্রাণ এবং জীবনের প্রয়োজনীয়তার জন্য অলৌকিক আশীর্বাদের প্রার্থনা করছেন — ঈশ্বর যেন ইহুদি ও আরব জাতির মধ্যে তাঁর শক্তি প্রকাশ করেন।

### এসো প্রার্থনা করি

ঈশ্বর, এই সপ্তাহে ইহুদি এবং আরব পরিবারগুলির মধ্যে দুর্দান্ত অলৌকিক কিছু করো।

প্রভু, যারা হতাশ হয়ে পড়েছে তাদেরকে তোমার আরোগ্য এবং ভালোবাসা দেখাও।







ইয়াস্নি



শনিবার ৭ই জুন

৯ম দিন

আজকের থিম:

# উজ্জ্বল হওয়া

আমাদের গীর্জাগুলি উজ্জ্বল হয়ে ওঠার জন্য প্রার্থনা

### এই গল্পটা পড়ো!

শুরুর গীর্জা সবকিছু শেয়ার করে নিত - অ্যাক্টস্ ৪:৩২–৩৫



### গল্পের ভূমিকা...

শুরুর দিকের গীর্জাগুলি ছিল অসাধারণ! বাইবেল বলে বিশ্বাসীরা তাদের যা কিছু ছিল সব শেয়ার করে নিত এবং যারই প্রয়োজন ছিল তার যত্ন নিত। এই কারণে, অনেক মানুষ ঈশ্বরের ভালোবাসাকে কাজে পরিণত হতে দেখতে পেত এবং তারাও যিশুকে অনুসরণ করতে চাইত!

### চলো এটা ভেবে দেখি:

আজকে আমাদের গীর্জাগুলোও ঈশ্বরের আলো ছড়াতে পারে! যখন আমরা শেয়ার করি, অন্যদের সাহায্য করি, একসাথে প্রার্থনা করি এবং ভালোবাসা দেখাই, তখন মানুষ তা খেয়াল করে। তুমি তোমার গীর্জার জন্য প্রার্থনা করতে পারো — তোমার নেতাদের জন্য, তোমার বন্ধুদের জন্য, এবং তোমার গীর্জা পরিবারের জন্য — যেন তারা যীশুর জন্য উজ্জ্বল আলো হয়ে ওঠে।

### চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, আমার গীর্জার জন্য তোমাকে ধন্যবাদ। আমরা যাতে একে অপরকে ভালোবাসতে পারি এবং যাদের প্রয়োজন তাদের যত্ন নিতে পারি তার জন্য সাহায্য করো প্লিজ। আমাদেরকে উজ্জ্বল আলো বানাও যা মানুষকে তোমার দিকে নির্দেশ করবে। যীশুর নামে, আমেন।

### কী করতে পারো:

আজ তাদেরকে উৎসাহিত করার জন্য একটা ধন্যবাদ জ্ঞাপন চিঠি লেখো বা তোমার গীর্জার নেতা বা তোমার রবিবারের স্কুল শিক্ষকের জন্য একটা ছবি আঁকো।

### স্মরণীয় বাক্য:

"তুমি হলে বিশ্বের আলো... অন্যদের সামনে নিজের আলোকে উজ্জ্বল করো।" — ম্যাথিউ ৫:১৪,১৬

### জাস্টিন মনে করে

প্রথমদিকে খ্রীষ্টানরা তাদের যা কিছু ছিল তা শেয়ার করে নিত, এবং দেখত তারা একে অপরকে কতটা ভালোবাসে। এভাবেই তারা ঈশ্বরের আলো জ্বালিয়েছিল। তুমিও দয়ালু হয়ে এবং অন্যদের সাথে শেয়ার করে আলোকিত হতে পারো। এসো প্রার্থনা করি গীর্জাগুলি যেন আমাদের কমিউনিটির জন্য উজ্জ্বল আলো হয়ে উঠতে পারে।

### বড়রা:

আজ, বড়রা ইহুদি বিশ্বাসীদের পুনরুজ্জীবনের জন্য প্রার্থনা করছেন — যাতে গির্জা এবং কমিউনিটিগুলি ঈশ্বরের আত্মার দ্বারা নতুন করে জেগে ওঠে এবং উজ্জ্বলভাবে আলোকিত হয়।

### এসো প্রার্থনা করি

পবিত্র আত্মা, ইহুদি গীর্জা এবং বিশ্বাসীদের মধ্যে পুনর্জীবন এবং আনন্দ নিয়ে আসো।

যীশু, আজ তোমার লোকদেরকে ভালোবাসা, একতা এবং শক্তিতে উজ্জ্বল করে তোলো।







ওরশিপ টুগেদার কিডস্



১০ম দিন

# রবিবার ৮ই জুন

আজকের থিম:

# তাজা আগুন

পবিত্র আত্মা, এসো! আমাকে নতুন করে পূর্ণ করো আজ



**এই গল্পটা পড়ো!**

পরিপূর্ণ হওয়ার বিষয়ে পলের শিক্ষা - এফেসিয়ান ৫:১৮; গালেশিয়ান ৫:২২–২৩

## গল্পের ভূমিকা...

অ্যাপোস্টেল পল শিখিয়েছিলেন যে পবিত্র আত্মা আমাদেরকে প্রতিদিন ঈশ্বরের পথে চলতে সাহায্য করেন। যখন আমরা আত্মা দিয়ে পূর্ণ হই, আমাদের জীবনে ভালোবাসা, আনন্দ, শান্তি, ধৈর্য্য, দয়া, সাধুতা, বিশ্বস্ততা, নম্রতা এবং আত্মসংযম দেখা যায় — এইগুলিই হল আত্মার ফল!

## চলো এটা ভেবে দেখি:

তুমি কি জানো প্রত্যেকদিন তোমাকে পূর্ণ করার জন্য পবিত্র আত্মার কাছে প্রার্থনা করতে পারো? তোমাকে গীর্জার কোন বিশেষ মুহূর্তের জন্য অপেক্ষা করতে হবে না। আজ, এখনি, এই মুহূর্তে, তুমি প্রার্থনা করতে পারো: "পবিত্র আত্মা, আমাকে তোমার ভালোবাসা দিয়ে পূর্ণ করো এবং যীশুর মত জীবনযাপন করতে সাহায্য করো।"

## চলো একসাথে প্রার্থনা করি:

হে ঈশ্বর, পবিত্র আত্মার উপহারের জন্য তোমাকে ধন্যবাদ। আজ আমাকে তোমার ভালোবাসা এবং আনন্দ দিয়ে নতুন করে পূর্ণ করো। আমার প্রতিটি কাজে আত্মার ফল যেন দেখতে পাই তার জন্য আমাকে সাহায্য করো। যীশুর নামে, আমেন।

## কী করতে পারো:

একটি কার্ডে আত্মার নয়টি ফলের ছবি আঁকো বা নাম লেখো (গালেশিয়ান ৫:২২–২৩)। এই সপ্তাহে প্রত্যেকটিতে বেড়ে ওঠার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করো।

## স্মরণীয় বাক্য:

"পবিত্র আত্মায় পরিপূর্ণ হও।" — এফেসিয়ান ৫:১৮বি

## জাস্টিন মনে করে

পল বলেছিলেন আমরা প্রতিদিন পবিত্র আত্মা দিয়ে পূর্ণ হতে পারি, এবং এটি আমাদেরকে প্রেমময়, আনন্দময় আর দয়ালু করে তোলে। এটা যেন প্রত্যেকদিন সকালে ঈশ্বরের শক্তির একটি নতুন মাত্রা পাওয়ার মত। পবিত্র আত্মার কাছে প্রার্থনা করো আজকে আমাদেরকে পূর্ণ করার জন্য এবং যীশুর মত জীবনযাপন করতে সাহায্য করার জন্য।

## বড়রা:

আজ, বড়রা ইহুদি বিশ্বের উপর পেন্টেকস্টের এক নতুন বর্ষণের জন্য প্রার্থনা করছে — নতুন জীবন, আনন্দ ও পুনর্জাগরণ নিয়ে আসার জন্য পবিত্র আত্মার কাছে প্রার্থনা করছে।

## এসো প্রার্থনা করি

পবিত্র আত্মা, আজকে ইহুদি বিশ্বাসীদের ওপর তাজা আগুন এবং ভালোবাসা ঢেলে দাও।

যীশু, ইহুদি পরিবার এবং কমিউনিটি জুড়ে পুনর্জাগরণ ও আনন্দ বর্ষণ করো।







প্রিস্কুল ওরশিপ সং



# ধন্যবাদ

ইহুদি বিশ্বের জন্য প্রার্থনায় আমাদের সাথে যোগ দেওয়ার জন্য।
খবর এবং পরবর্তী প্রার্থনা গাইডের জন্য সাইন আপ করুন এখানে

2 BILLION CHILDREN

তৈরি করেছে www.2bc.world

WWW.110CITIES.COM

এই গাইডটি সম্পর্কে গবেষণা করেছে এবং এটি লিখেছে 2BC টিম, ইন্টারন্যাশনাল প্রেয়ার কানেক্ট এবং উপরে উল্লিখিত অংশীদারদের সহযোগীতায়। ছবিগুলি যান্ত্রিকভাবে তৈরি এবং শুধুমাত্র উপস্থাপনমূলক উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে। জীবিত বা মৃত কোন ব্যক্তির সঙ্গে যেকোন রকম সাদৃশ্য সম্পূর্ণরূপে কাকতালীয়। এই উপকরণটি শুধুমাত্র ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনামূল্যে প্রদান করা হয়েছে। আপনি যদি বাণিজ্যিক উদ্দেশ্যে বিষয়বস্তু পুনরুৎপাদন, প্রচার বা পুনঃপ্রকাশ করতে চান তাহলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন। www.2bc.world

# CHILDREN'S PENTECOST ADVENTURE

30TH MAY - 8TH JUNE 2025



ইহুদি বিশ্বের জন্য শিশুদের প্রার্থনার উপযোগী ১০ দিনের

## প্রার্থনা গাইড




INTERNATIONAL PRAYER CONNECT
2BC 2 BILLION CHILDREN
110 Cities
24:14
WEA WORLD EVANGELICAL ALLIANCE EST. 1846
PRAYER TOOLS

WWW.110CITIES.COM